



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ



ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-১৩

২৯ চৈত্র ১৪২৭

তারিখ :

১২ এপ্রিল ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

**করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক
আরোপিত বিধি-নিষেধের মধ্যে ব্যাংকিং কার্যক্রম প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

করোনাভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতির অবনতির কারণে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত ১২ এপ্রিল ২০২১ এর স্মারকে (০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০) ১৪ এপ্রিল ২০২১ হতে ২১ এপ্রিল ২০২১ পর্যন্ত সকল আর্থিক প্রতিষ্ঠান বন্ধ রাখার নির্দেশনা প্রদান করা হয়েছে। এ প্রেক্ষিতে তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক অনুসরণের জন্য নিম্নোক্ত নির্দেশনা জারি করা হলোঃ

০১। সরকার ঘোষিত বিধি-নিষেধ চলাকালীন সময়ে সাধারণভাবে সকল তফসিলি ব্যাংক বন্ধ থাকবে। এ সময়ে ব্যাংকের সকল কর্মকর্তা/কর্মচারীকে নিজ নিজ কর্মস্থলে অবস্থান করতে হবে।

০২। সমুদ্র/স্থল/বিমান বন্দর এলাকায় (পোর্ট ও কাস্টমস্ এলাকা) অবস্থিত ব্যাংকের শাখা/উপশাখা/বুথসমূহ খোলা রাখার বিষয়ে বন্দর/কাস্টমস্ কর্তৃপক্ষের সাথে আলোচনাক্রমে যথাযথ ব্যবস্থা গ্রহণ করতে হবে। উক্ত ব্যাংকিং সেবা প্রদানের ক্ষেত্রে স্ব স্ব ব্যাংক প্রয়োজনীয়তার নিরিখে সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার (এডি) শাখা এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ সীমিত সংখ্যক জনবল দ্বারা খোলা রাখতে পারবে।

০৩। এটিএম ও কার্ডের মাধ্যমে লেনদেন চালু রাখার সুবিধার্থে সংশ্লিষ্ট প্রশাসনের সহায়তায় এটিএম বুথগুলোতে পর্যাপ্ত নোট সরবরাহসহ প্রয়োজ্য ক্ষেত্রে ইন্টারনেট ব্যাংকিং সুবিধা সার্বক্ষণিক চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

এ নির্দেশনা ১৪ এপ্রিল ২০২১ তারিখ থেকে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০০৯৩